গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
যশোর।
www.dgfood.gov.bd

স্মারক নং : ১৩.০৫.৪১০০.০০২.১৯.০১৬.১৯.৮০২ তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি:

# "দরপত্র বিজ্ঞপ্তি"

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর এর অধীন ২০১৮-২০১৯ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য এক গুদাম/কেন্দ্র হতে অন্য গুদাম/কেন্দ্রে সড়ক পথে খাদ্যশস্য/ত্রাণ সামগ্রী/খালি বস্তা/ কাঠের ডানেজ ইত্যাদি পরিবহণের জন্য অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী ঠিকাদার/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্তস্বাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/ বিভাগঃ | : | খাদ্য মন্ত্রণালয় |
| ২ | এজেন্সীঃ | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর। |
| ৩ | সংগ্রাহক স্বত্তা | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর। |
| ৪ | যে কাজের জন্য দরপত্র | : | অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদার। |
| ৫ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | : | স্মারক নং- ১৩.০৫.৪১৪৭.০০২.১৯.০১৬.১৯.৮০২, তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি:। |
| ৬ | সংগ্রহ পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ৭ | বাজেট ও তহবিল সূত্র | : | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব খাত। |
| ৮ | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | : | ২৬/০৫/২০১৯ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ৯ | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | : | ২৭/০৫/২০১৯ খ্রি: তারিখ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ১০ | দরপত্র গ্রহণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর, জেলা পুলিশ সুপারের কার্যালয়, যশোর। |
| ১১ | দরপত্র উন্মুক্তকরণের তারিখ, সময় ও স্থান | : | ২৭/০৫/২০১৯ খ্রি: বেলা ২:৩০ ঘটিকা। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর। |
| ১২ | প্রাক দরপত্র সভার তারিখ ও সময় | : | ১৪/০৫/২০১৯ খ্রি: বেলা ১২:০০ ঘটিকা। |
| ১৩ | প্রাক দরপত্র সভার স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর এর অফিস কক্ষ। |
| ১৪ | দরপত্রের মেয়াদকাল | : | দরপত্র গ্রহণের তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন। |
| ১৫ | দরপত্র বিক্রয়কারী দপ্তর | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা। |
| ১৬ | দরপত্রদাতার অভিজ্ঞতা | : | ক) সড়ক পথে খাদ্যশস্য/খাদ্য বিভাগীয় পরিবহণ কাজে নুন্যতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিম্নে নহেন এমন কর্মকর্তার দ্বারা অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে। |
| ১৭ | দরপত্র দাখিলের নিয়মাবলী | : | এক ধাপ দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক বিবেচিত (যোগ্য/Responsive) হলে আর্থিক প্রস্তাব খোলা হবে। প্রদেয় আর্থিক দর কাটাকাটি ও ঘষামাজা থাকলে দরপত্র বাতিল হিসেবে গণ্য হবে। |
| ১৮ | দরপত্র সিডিউলের মূল্য (প্রতি সেট) | : | ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা মাত্র)। |
| ১৯ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবী | : | নকীব সাদ সাইফুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর। |
| ২০ | কাজের সময়কাল | : | ২০১৮-২০১৯ অর্থ বছরের অবশিষ্ট সময় এবং ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত। |
| ২১ | টেন্ডার সিকিউরিটি | : | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। |
| ২২ | পারফরমেন্স সিকিউরিটি (কৃতকার্যতার ক্ষেত্রে) | : | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকা (চুক্তি সম্পাদনের পূর্বে জমা দিতে হবে) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। |
| ২৩ | পণ্যের নিরাপত্তা জামানত | : | প্রতি লটে ১০০ মে: টন পরিবহণ সূচীর জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সূচী জারীর পূর্বে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি আকারে জমা দিতে হবে। |
| ২৪ | দরপত্র সম্পর্কিত তথ্য জানার জন্য (অফিস চলাকালীন) | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর, টেলিফোন/ফ্যাক্স নং: ০৪২১-৬১০৭১ এবং হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর। মোবাইল নং: ০১৭৩১-০৭৫৩৭৩। |

অত্র দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহকস্বত্তা এ বিজ্ঞপ্তি বাতিল বা পরিবর্তন অথবা যে কোন দরপ্রস্তাব গ্রহণ/প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৩/১৯
(নকীব সাদ সাইফুল ইসলাম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
যশোর।

বেদনকারীকে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর বরাবরে নিম্নবর্ণিত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

**ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী:**

১) আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২) সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN/e-TIN) নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের ১ (এক)খানা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৩) সংশ্লিষ্ট বিভাগ হতে প্রদত্ত ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪) একক মালিকানার বেলায় কোন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/নোটারী পাবলিক কর্তৃক হালনাগাদ প্রদত্ত একক মালিকানা সংশ্লিষ্ট হলফনামা ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল করতে হবে।

৫) অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬) লিমিটেড কোম্পানীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস অব এ্যাসসিয়েশন এবং জয়েন্ট স্টক কোম্পানী সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭) ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮) চাহিত সকল সনদ পত্র ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা দ্বারা ( অবশ্যই নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে মূল কপিসমূহ প্রদর্শন করতে হবে।

৯) প্রাক্তন/কার্যরত ঠিকাদারগণের অতীত দায়-দেনার হলফনামার মূলকপি/ফটোকপি দাখিল করতে হবে।

১০) যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

১১) অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশী মোকদ্দমা/ মামলায় চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

১২) সালিশী মোকদ্দমা/মামলা নিস্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রের অংশ গ্রহণ করতে পারবে। তবে সালিশী মোকদ্দমা/মামলায় দোষী সাব্যস্ত হলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

১৩) দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত হারে প্রতি সেট (প্রতিটি এলএসডি'র জন্য) দরপত্রের মূল্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, খুলনা কর্পোরেট শাখা, খুলনা এবং সোনালী ব্যাংক, যশোর কর্পোরেট শাখা, যশোরে ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা অথবা আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা হতে অবশ্যই পাশ করিয়ে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তর/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনাতে জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। জমাকৃত চালানের ফটোকপি/অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৪) বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫) দরপত্র দাতা দরপত্র সিডিউলে বর্ণিত সকল তথ্যাবলী স্পষ্টভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দরখাস্ত করবেন। দরপত্র তফসীল ও দরপত্র বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৬) ডাকযোগে প্রেরিত কোন দরপত্র গ্রহন করা হবে না।

১৭) শর্তযুক্ত, কাটাছেড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং প্রাইস সিডিউলের তফসীল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দরের মধ্যে প্রযোজ্য ট্যাক্স, ভ্যাট এবং ইন্সুরেন্স এর খরচ অর্ন্তভুক্ত হিসেবে গণ্য হবে।

১৮) দাখিলকৃত সকল ডকুমেন্টস/কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে।

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Special Condition of Contract):

১৯) ক) খাদ্যশস্য/ত্রাণ সামগ্রী/খালি বস্তা/ কাঠের ডানেজ ইত্যাদি পরিবহন কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উক্ত অভিজ্ঞতা সনদ খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক কর্মকর্তা কর্তৃক ইস্যু করতে হবে। যদি পূর্বে বা বর্তমানে ঠিকাদার হিসেবে কার্য সম্পাদন করে থাকেন, তবে উক্ত অভিজ্ঞতার সনদে ঠিকাদারীর ধরণ ও কার্যকাল (কোন সাল হতে কোন সাল পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ করতে হবে।

খ) নিজস্ব মালিকানাধীন ট্রাকের সংখ্যা ও রেজিষ্ট্রেশন সার্টিফিকেট অথবা ট্রাক মালিকদের সাথে ট্রাক ভাড়ার চুক্তিপত্রের মূলকপি/ফটোকপি দাখিল করতে হবে।

গ) সিডিউল ব্যাংক হতে এক আর্থিক বছরের লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ২০০০০০০/- (বিশ লক্ষ) টাকার হিসাব বিবরণী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।

ঘ) দরপত্র দাতার নগদ সম্পদ; ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে ন্যূনতম ২০০০০০/- (দুই লক্ষ) টাকা আছে মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে।

২০) দরপত্র দাখিলের নিয়মাবলী:

ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব ও আর্থিক প্রস্তাব ০২ ( দুই) টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে " সড়ক পরিবহণ ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব" ও আর্থিক প্রস্তাবের খামে "সড়ক পরিবহণ ঠিকাদারের আর্থিক প্রস্তাব" লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। ০২ (দুই) টি খাম একত্রিত করে বড় একটি খামে করে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে বড় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। বড় খামের উপরের দিকে "অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদারী কাজের দরপত্র প্রস্তাব" লিখতে হবে।

খ) যোগ্যতা বিষয়ক খামে ফরম পুরণ ও স্বাক্ষর পুর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

গ) আর্থিক প্রস্তাব বিষয়ক ফরমে শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। আর্থিক প্রস্তাব খামে কোন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

ঘ) লটের দুরত্ব প্রতি স্লাবে প্রতি মে: টন প্রতি কি: মি: হিসেবে দর দাখিল করতে হবে।

ঙ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব ফরম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

২১। টেন্ডার সিকিউরিটি:

ক) দরপত্রের সাথে প্রতিটি এলএসডি'র জন্য আলাদা, আলাদাভাবে বাংলাদেশের যে কোন তফসীলভূক্ত (সিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর এর অনুকূলে ক্রয় দেখিয়ে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটি হিসেবে ড্রাফট/পে-অর্ডার ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র যোগ্য (Responsive)বিবেচিত হবে না।

খ) অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেয়া হবে। কতৃকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরত দেয়া হবে। যথা সময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২২। ঠিকাদার নির্বাচন পদ্ধতিঃ

ক) দরদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব যোগ্য (Responsive) বিবেচিত হলে দরপত্র দাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দর দাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত/সুপারিশকৃত ও Head of the Procuring Entity (Hope) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। লটে সর্বনিম্ন দরদাতার দরে দরদাতাসহ অন্যান্যদের মধ্যে থেকে উদ্ধৃত দরের নিম্ন থেকে উর্ধ্বক্রম অনুযায়ী অনুমোদিত নিম্ন দরে কাজ করতে আগ্রহী সাপেক্ষে একাধিক প্রয়োজনীয় সংখ্যক ঠিকাদার নিয়োগ করা হবে এবং ঠিকাদারগণকে সর্বনিম্ন দর মোতাবেক ভাড়া পরিশোধ করা হবে।

খ) জেলার প্রতিটি এলএসডি তথা লটের জন্য সর্বনিম্ন দরে একজন করে ঠিকাদার নির্বাচন করা হবে। তবে নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর, ২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩। নিরাপত্তা জামানত (Performance Security):

ক) Letter of Intent দেয়ার ০৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং Performance Security বাবদ ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিয়ে ০৭ (সাত) দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

খ) চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ০৩/১১/২০০৯ খ্রি: তারিখের চসস/চপরেক-০১/০৮/১০৭৬(৬) নম্বর স্মারকে জারিকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং সিপিটিইউ অনুমোদিত ষ্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট (এসটিডি) অনুযায়ী ঠিকাদার নিয়োগের জন্য নির্দেশনা সম্বলিত পত্রের বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রতি লট খাদ্যশস্য পরিবহনের জন্য ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে প্রদান করতে হবে। পণ্যের নিরাপত্তা জামানতের টাকা সূচী জারির পূর্বে যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর বরাবর প্রদান করতে হবে।

গ) সূচীকৃত মালামাল সন্তোষজনক পরিবহন শেষে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে জমাকৃত নিরাপত্তা জামানত আবেদনের প্রেক্ষিতে ফেরত দেয়া যাবে/পরবর্তী সূচীর সাথে সমন্বয় করা যাবে।

২৪। পরিবহন পণ্যের ঘাটতি:

ক) ১০০% ওজনে বোঝাইকৃত মালামাল ১০০% ওজনে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন। পরিবহন মালামালের নীট ওজনের উপর ০.১২৫% (শতকরা দশমিক এক দুই পাঁচ) সীমিত পরিবহণ ঘাটতি প্রাপ্য হবেন।

খ) যে কোন সাহায্য সংস্থার নির্ধারিত ওজনের ব্যাগের ক্ষেত্রে শূণ্য পরিবহণ ঘাটতি প্রযোজ্য হবে।

গ) নির্ধারিত পরিবহণ ঘাটতির অতিরিক্ত যে কোন ঘাটতি/মালামাল বিনষ্ট/খোয়া গেলে ঠিকাদারকে দেড়গুণ হারে ক্ষতি পূরণ প্রদান করতে হবে।

২৫। চুক্তি সম্পাদন:

সর্বনিম্ন দরপত্র দাতার দর বৈধ বিবেচিত হলে ও অনুমোদিত হলে Notification of Award প্রদান করা হবে। কৃতকার্য/নির্বাচিত দরপত্র দাতাকে চুক্তি সম্পাদন নোটিশ প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে নিরাপত্তা জামানত/পারফরমেন্স সিকিউরিটি জমা দিয়ে চুক্তি সম্পাদন করতে হবে।

২৬। চুক্তি সংশোধন:

বিস্তারিত ত্রুটি বিবরণী, তফসীল ত্রুটির দূরত্ব দরপত্র তফসীলের সাথে সংযুক্ত করে দেয়া হলো। সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন অভ্যন্তরীন পরিবহন সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারিকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্রসহ দরপত্র তফসীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৭। দরদাতা কর্তৃক প্রদত্ত তথ্য ভবিষ্যতে মিথ্যা বা অসত্য প্রমাণিত বা পরিগণিত হলে দরদাতাকে উক্ত ঠিকাদারী কার্যক্রম বা চুক্তি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম থেকে বাদ দেয়া হবে বা ঠিকাদারী কার্যক্রমে অংশগ্রহনের জন্য অনির্দিষ্টকাল বা নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত অযোগ্য ঘোষণা করা হবে।

২৮। রুট তফসীলে বর্ণিত নির্ধারিত দূরত্বই বিল প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে কোন রুটের দূরত্ব গরমিল/তারতম্য দেখা দিলে সেক্ষেত্রে সড়ক ও জনপথ বিভাগ/সংশ্লিষ্ট বিভাগের দূরত্ব সনদ অনুযায়ী প্রকৃত দুরত্ব নির্ধারিত হবে।

২৯। **গোপণীয় প্রতিবেদন:** নির্বাচিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে, জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

৩০। **ক্ষমতা সংরক্ষণ:**
কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩১। দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

স্বাঃ
(নকীব সাদ সাইফুল ইসলাম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
যশোর।

স্মারক নং : ১৩.০৫.৪১০০.০০২.১৯.০১৬.১৯.৮০২(২১) তারিখ:২১/০৩/২০১৯ খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা প্রশাসক, যশোর।
৬। পুলিশ সুপার, যশোর।
৭। অতিরিক্ত পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৯। সাইলো অধিক্ষক, সান্তাহার/নারায়নগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ/মোংলা।
১০। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম।
১১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, যশোর।
১২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর।
১৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)........................................।
১৪। ব্যবস্থাপক, মহেশ্বরপাশা/খুলনা/দিনাজপুর/মুলাডুলি/সান্তাহার সিএসডি।
১৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ................................ যশোর।
১৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), যশোর।
১৬। সভাপতি/সম্পাদক, শিল্পবণিক সমিতি, যশোর।
১৭। সভাপতি/সম্পাদক, চেম্বার্স অব কমার্স, যশোর।
১৮। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, যশোর।
১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) ..............................................এলএসডি,যশোর।
২০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
২১। সংরক্ষণ নথি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
যশোর।